গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# দোহার পৌরসভা কার্যালয়

জয়পাড়া, দোহার, ঢাকা
www.doharmunicipality.com

গণভোট ২০২৬ সংসদ নির্বাচন দেশের চাবি আপনার হাতে

স্মারক নম্বর: ৪৬.৬০.২৬১৮.১০১.১৮.০১৬.২৬-৩৪

তারিখ: ১৮ মাঘ ১৪৩২
১ ফেব্রুয়ারি ২০২৬

## জয়পাড়া দেবীনগর হাট বাজার ও সায়রাত মহাল ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দোহার পৌরসভার নিয়ন্ত্রণাধীন **"জয়পাড়া দেবীনগর হাট-বাজার ও সায়রাত মহাল** (জয়পাড়া বাজার বোট/ ট্রলার ঘাট, জয়পাড়া বাজার ও বড় মাঠ সংলগ্ন গোদারা ঘাট এবং লটাখোলা লাকরীর মহাল)" *বাংলা ১৪৩৩ সালের জন্য (১লা বৈশাখ হইতে ৩০ শে চৈত্র, ১৪৩৩) ১ (এক) বৎসর* মেয়াদে শর্ত সাপেক্ষে ইজারা প্রদানের নিমিত্তে নিম্নবর্ণিত সময়সূচী অনুযায়ী *সীলমোহরযুক্ত বন্ধ খামে* দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| ইজারা প্রদানের বিষয় | কাঙ্খিত সরকারি মূল্য (বিগত ৩ বৎসরের ইজারা মূল্যের গড়) | সরকারি বিধি মোতাবেক সিডিউলের মূল্য (অফেরতযোগ্য) |
|---|---|---|
| জয়পাড়া দেবীনগর হাট-বাজার ও সায়রাত মহাল (জয়পাড়া বাজার বোট/ ট্রলার ঘাট, জয়পাড়া বাজার ও বড় মাঠ সংলগ্ন গোদারা ঘাট এবং লটাখোলা লাকরীর মহাল) | ১,৪১,১২,৯৩৫/- | ২৯,০০০/- |

## দরপত্র বিক্রয় ও দাখিলের সময়সূচী

| বিবরণ | দরপত্র বিক্রয় শুরু ও বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | প্রাপ্ত দরপত্রসমূহ সংগ্রহ পূর্বক খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম বার দরপত্র বিজ্ঞপ্তি | ১.২.২০২৬ হতে ২২.২.২০২৬ পর্যন্ত | ২৩.২.২০২৬ বেলা ১২:০০ টা পর্যন্ত | ২৩.২.২০২৬ বিকেল ৩:০০ টা | উল্লেখিত তারিখ অনুযায়ী প্রয়োজন বোধে পর্যায়ক্রমে দরপত্র আহ্বান অব্যাহত থাকবে। তবে, যে কোনবার দরপত্র অনুমোদিত হলে এই বিজ্ঞপ্তির কার্যক্রম সম্পন্ন হয়েছে মর্মে গণ্য হবে। |
| ২য় বার দরপত্র বিজ্ঞপ্তি | ২৪.২.২০২৬ হতে ১১.৩.২০২৬ পর্যন্ত | ১২.৩.২০২৬ দুপুর ১২:০০ টা পর্যন্ত | ১২.৩.২০২৬ বিকেল ৩:০০ টা | |
| ৩য় বার দরপত্র বিজ্ঞপ্তি | ১৫.৩.২০২৬ হতে ৩০.৩.২০২৬ পর্যন্ত | ৩১.৩.২০২৬ বেলা ১:০০ টা পর্যন্ত | ৩১.৩.২০২৬ বিকেল ৪:০০ টা | |

### দরপত্র বিক্রয়ের বিবরণ:

দরপত্রে বর্ণিত দিনে অফিস চলাকালীন সময় পর্যন্ত (ক) দোহার পৌরসভা কার্যালয়, ঢাকা ছাড়াও (খ) জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা (গ) পুলিশ সুপারের কার্যালয়, ঢাকা, (ঘ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দোহার, ঢাকা (ঙ) সহকারী কমিশনার (ভূমি)-এর কার্যালয়, দোহার, ঢাকা এবং (চ) ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লি:, জয়পাড়া শাখা, দোহার, ঢাকা-এর কার্যালয় হতে নির্ধারিত নগদ মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে।

### দরপত্র গ্রহণ ও খোলার বিবরণ:

দরপত্র সমূহ উপরোক্ত সময়সূচী অনুযায়ী (ক) দোহার পৌরসভা কার্যালয়, ঢাকা, (খ) জেলা প্রশাসক, ঢাকা, (গ) পুলিশ সুপারের কার্যালয়, ঢাকা, (ঘ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দোহার, ঢাকা এবং (ঙ) সহকারী কমিশনার (ভূমি)-এর কার্যালয়, দোহার, ঢাকা-এর কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে ইজারা দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখিত দিনে গ্রহণ করা হইবে এবং উল্লেখিত দিন ও সময়ে পৌর কার্যালয়ে দরপত্র দাতাদের উপস্থিতিতে তাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।

### ইজারার শর্তাবলী:

১. দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ দরপত্র জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে (চেক গ্রহণযোগ্য নয়) "প্রশাসক, দোহার পৌরসভা"-এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২০% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ১০% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারাগ্রহীতা নিয়মিত হাট ও বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন না করলে বা অন্য কোনো ক্ষতি সাধন করলে, উক্ত জামানত হতে তা মিটানো হবে এবং ইজারা বৎসর শেষে জামানতের অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে ফেরত প্রদান করা হবে;

২. দরপত্র গৃহীত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দাখিলকৃত দরের অবশিষ্ট ৮০% (শতকরা আশি ভাগ) অর্থ "প্রশাসক, দোহার পৌরসভা"-এর অনুকূলে পরিশোধ করতে হবে এবং দাখিলকৃত দরের উপর সরকারী বিধি মোতাবেক ১৫% মূল্য সংযোজন কর এবং ১০% আয়কর সংশ্লিষ্ট অর্থনৈতিক কোডে জমা দিতে হবে। অন্যথায়, দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং জামানত হিসাবে জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত হবে এবং পুণরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। উল্লেখ্য যে, ইজারা মূল্য এবং ইজারা মূল্যের উপর সরকার নির্ধারিত আয়কর ও ভ্যাট কোনো অবস্থাতেই আংশিক বা কিস্তিতে গ্রহণ করা যাবে না;

৩. প্রাপ্ত দরপত্রগুলোর মধ্য হতে সর্বোচ্চ দর গ্রহণ করা হবে কিন্তু উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের প্রাক্কলিত সরকারি মূল্যের কম হয় তাহলে পুণরায় দরপত্র আহ্বান প্রক্রিয়া অব্যাহত থাকবে;

৪. দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় ব্যবহার করা যাবে না;

পরবর্তী পৃষ্ঠা-২

৫. খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে;
৬. দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে এবং অসম্পূর্ণ/ অস্পষ্ট/ ত্রুটিপূর্ণ/ কাটাকাটিযুক্ত/ ঘষা-মাজা বা লেখার উপর লেখা দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে;
৭. ইজারা দরপত্রের সাথে এনআইডি'র ফটোকপি, আয়কর ও ভ্যাটের সনদ (যদি থাকে) প্রদান করতে হবে;
৮. ইজারাদার কোন ক্রমেই ইজারাপ্রাপ্ত হাট-বাজার অন্যের নিকট সাব লীজ দিতে পারবেন না। যদি অনুরূপ কার্যকলাপ বা চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন করা হয় তবে ইজারা বাতিলসহ তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;
৯. ইজারাপ্রাপ্তির পর ইজারাদারের গাফিলতির কারণে বা অন্য যে কোন কারণে দখল প্রদানে বিলম্ব হলে সে জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না;
১০. ইজারাগ্রহীতাকে হাট-বাজারের বাস্তব অবস্থা ও দরপত্রের সাথে সংযুক্ত ইজারার শর্তাবলী সম্পর্কে অবহিত হয়ে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাখিলের পর কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না;
১১. ইজারা মূল্যের সর্বসাকুল্য অর্থ (ভ্যাট ও আয়করসহ) নির্ধারিত ব্যাংক ও খাতে নিজ দায়িত্বে পরিশোধের সর্বোচ্চ ৩(তিন) কার্য দিবসের মধ্যে ইজারাদার কর্তৃক ৩০০ (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি সম্পাদন করতে হবে;
১২. দুই বা ততোধিক দরদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;
১৩. চুক্তিপত্রের যে কোন শর্ত লঙ্ঘন করলে ইজারা বাতিল বলে গণ্য হবে;
১৪. হাট ও বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা, ২০২৫ মোতাবেক ইজারার সকল কার্যক্রম গ্রহণ করা হবে;
১৫. পৌর কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

মো: মাঈদুল ইসলাম
প্রশাসক
দোহার পৌরসভা, ঢাকা।

<u>অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা প্রশাসক, ঢাকা।
৩. উপপরিচালক, স্থানীয় সরকার, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
৪. উপজেলা নির্বাহী অফিসার, দোহার, ঢাকা।
৫. সহকারী কমিশনার (ভূমি), দোহার, ঢাকা।
৬. জনাব ডা: মো: রবিউল ইসলাম, সদস্য, ওয়ার্ড নং-৫, দোহার পৌরসভা এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দোহার, ঢাকা।
৭. জনাব মো: আবু বকর সিদ্দিক, সদস্য, ওয়ার্ড নং-১ ও ৬, দোহার পৌরসভা এবং অফিসার ইন-চার্জ, দোহার থানা, ঢাকা।
৮. জনাব মো: রাজু আলম, সদস্য, ওয়ার্ড নং-৮ ও ৯, দোহার পৌরসভা এবং উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, দোহার, ঢাকা।
৯. জনাব মো: ফখরুল আশরাফ, সদস্য, ওয়ার্ড নং-৪ ও ৭, দোহার পৌরসভা এবং উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দোহার, ঢাকা।
১০. জনাব সামছুন্নাহার খান, সদস্য, ওয়ার্ড নং-৩, দোহার পৌরসভা এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দোহার, ঢাকা।
১১. জনাব নাজমুশ শিহার, সদস্য, ওয়ার্ড নং-২, দোহার পৌরসভা এবং উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, দোহার, ঢাকা।
১২. নির্বাহী প্রকৌশলী, দোহার পৌরসভা, ঢাকা।
১৩. পৌর নির্বাহী কর্মকর্তা, দোহার পৌরসভা, ঢাকা।
১৪. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, জয়পাড়া শাখা, দোহার, ঢাকা।
১৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, দোহার পৌরসভা।
১৬. সম্পাদক, দৈনিক প্রথম আলো, এ্যাডভার্টাইজিং সেলস, ১৯, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫। আগামী <u>২ ফেব্রুয়ারি ২০২৬</u> তারিখের মধ্যে উপরোক্ত বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকার ভিতরের পাতায় (৩ কলাম X ১২ইঞ্চি সাইজে) একদিন একটি সংখ্যা প্রচারের জন্য অনুরোধ করা হলো। বিজ্ঞপ্তি বিল অত্র কার্যালয়ে প্রেরণ করা হলে যথারীতি একাউন্টপেয়ী চেকের মাধ্যমে তা পরিশোধের ব্যবস্থা নেয়া হবে।
১৭. সম্পাদক, দৈনিক নয়াদিগন্ত, ১ আর. কে মিশন রোড, মতিঝিল, ঢাকা-১২০৩। আগামী <u>২ ফেব্রুয়ারি ২০২৬</u> তারিখের মধ্যে উপরোক্ত বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকার ভিতরের পাতায় (৩ কলাম X ১২ইঞ্চি সাইজে) একটি সংখ্যা প্রচারের জন্য অনুরোধ করা হল। বিজ্ঞপ্তি বিল অত্র কার্যালয়ে প্রেরণ করা হলে যথারীতি একাউন্টপেয়ী চেকের মাধ্যমে তা পরিশোধের ব্যবস্থা নেয়া হবে।
১৮. জনাব মো: মুহসিন উদ্দিন খান, বর্তমান ইজারাদার, জয়পাড়া-দেবীনগর হাট বাজার, দোহার, ঢাকা।
১৯. <u>নোটিশ বোর্ডঃ</u> (ক) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দোহার, ঢাকা (খ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, দোহার, ঢাকা (গ) উপজেলা স্বাস্থ্য কেন্দ্র, দোহার, ঢাকা (ঘ) পোস্ট অফিস, দোহার, ঢাকা (ঙ) জয়পাড়া বাজার ব্যবসায়ী বহুমূখী সমবায় সমিতি অফিস, দোহার, ঢাকা, (চ) পুলিশ স্টেশন, দোহার, ঢাকা (ছ) সাব-রেজিস্ট্রার অফিস, দোহার, ঢাকা (জ) কুসুমহাটি তহসিল অফিস, দোহার, ঢাকা এবং (ঝ) দোহার পৌরসভা কার্যালয়।
২০. অফিস নথি।

<u>অনুলিপি: জ্ঞাতার্থে</u>

১. জনাব ..........................................................................